# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
প্রশাসন-২ শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

৩ অগ্রহায়ণ ১৪৩০
তারিখ:
১৮ নভেম্বর ২০২৩

স্মারক নম্বর-৫৩.০৩.০০০০.০০৯.১১.০১৯.২৩.৬৮৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাভুক্ত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://idra.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার অপারেটর [গ্রেড-১৩] বেতন স্কেল : টাকা ১১,০০০-২৬,৫৯০/- | ০৭ (সাত) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, মানিকগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, বগুড়া, কুড়িগ্রাম, মাগুড়া, পটুয়াখালী,সিলেট জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | চেয়ারম্যান ও সদস্যগণের সহকারী [গ্রেড-১৪] বেতন স্কেল: টাকা ১০,২০০-২৪,৬৮০/- | ০২ (দুই) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী। | |
| ৩ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর [গ্রেড-১৬] বেতন স্কেল: টাকা ৯,৩০০-২২,৪৯০ | ০৫ (পাঁচ) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হবে। | |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আবেদনকারীগণকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা বিধি অনুযায়ী অনুসরণ করা হবে।

৩। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

৪। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৫। **বয়সসীমা: ১২/১১/২০২৩ খ্রি: তারিখে বয়স:**

(ক) আবেদনকারী প্রার্থীগণের বয়সসীমা ১৮-৩০ বছর;
(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর;
(গ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৬। এই নিয়োগ বিজ্ঞপ্তির ছকের ১ ও ৩ নং ক্রমিকে বর্ণিত পদসমূহ পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণ করা হবে।

৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১০। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৩। IDRA নিয়োগ পরীক্ষা, ২০২৩-এর বিজ্ঞপ্তি, online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://idra.teletalk.com.bd, কর্তৃপক্ষের ওয়েবসাইট http://www.idra.org.bd ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ওয়েবসাইট http://www.fid.gov.bd তে পাওয়া যাবে।

১৪। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://idra.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৯/১১/২০২৩; সকাল ১০.০০ ঘটিকা**

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: **১২/১২/২০২৩; সন্ধ্যা ০৫.০০ ঘটিকা**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ 100KB ও স্বাক্ষরের সাইজ 60KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন ।

(ঙ) **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ Teletalk এর সার্ভিস চার্জ সহ ১-৩ নং ক্রমিকের জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা **User ID** প্রাপ্তির ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** IDRA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : IDRA ABCDEF

Reply: Applicant's Name, TK-223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type IDRA<Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** IDRA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: IDRA Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for IDRA Application for (post name). User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://idra.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় ।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

(i) **User ID জানা থাকলে: IDRA<space>Help<space>User<space>User ID** & Send to 16222.
Example: IDRA Help User ABCDEF

(ii) **PIN Number জানা থাকলে: IDRA<space>Help<space>PIN<space>PIN Number** & Send to 16222.
Example: IDRA Help PIN 12345678.

(ঝ) পত্রিকা ছাড়াও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট www.idra.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/idra ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.idra.gov.bd হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদনের ক্ষেত্রে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা officeradmin1@idra.org.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: IDRA, Post Name: *****, Applicant's User ID (প্রযোজ্য ক্ষেত্রে) ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঠ) আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

সদস্য সচিব
বাছাই কমিটি
ফোন: ৪১০৫১৩৭৯
ই-মেইল: directoradmin@idra.org.bd